গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সম্পর্কে জানুন, অংশগ্রহণ করুন এবং কোন অভিযোগ/পরামর্শ থাকলে জানান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন এসএনএসপি প্রকল্প, দুস্থ পরিবারসমূহে স্বল্পমেয়াদী কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও দুর্যোগের ঝুঁকি হ্রাসে কর্মকাণ্ড বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির কাজ করে থাকে। দীর্ঘকাল ধরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে কার্যকর ভূমিকা রেখে আসছে।

অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)	গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)	কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (কাবিখা/কাবিটা)
কর্মসূচির উদ্দেশ্য • কর্মহীন মৌসুমে অতিদরিদ্রদের জন্য স্বল্পমেয়াদী কর্মসংস্থান এবং দুস্থ পরিবারসমূহের সুরক্ষা। **যাদের জন্য এ কর্মসূচি** • অতিদরিদ্র এবং মৌসুমী বেকার শ্রমিক। • কর্মক্ষম মহিলা ও পুরুষ যারা ভূমিহীন (বসতভিটা ছাড়া যাদের জমির পরিমাণ ১০ শতাংশের নিচে)। • যার মাসিক আয় ৪,০০০ টাকার কম বা যার মাছ চাষের জন্য পুকুর কিংবা কোন প্রাণিসম্পদ নেই। • কাজে আগ্রহী কিন্তু কাজ পায় না এমন অদক্ষ শ্রমিক। **কর্মসূচির সময়কাল** • বছরে দু'পর্বে মোট ৮০ দিনের জন্য অতিদরিদ্রদের কর্মসংস্থান করা হয়। • সপ্তাহে ৫ দিন (শনি-বুধ) দৈনিক ৭ ঘণ্টা করে কাজ করতে হয়। **কর্মসূচিতে প্রাপ্যতা** • প্রতি কর্মদিবসে ২০০ টাকা মজুরি। • জবকার্ড সরবরাহ করা হয় এবং এতে প্রদত্ত মজুরির তথ্য থাকে। • পুরুষ/মহিলা সমান মজুরি পাবেন। প্রতি বৃহস্পতিবার মজুরি উত্তোলন করা যাবে।	**কর্মসূচির উদ্দেশ্য** • দুর্যোগ ঝুঁকি হ্রাসের জন্য গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ। • গ্রামীণ দরিদ্র জনগণের দুর্যোগ-ঝুঁকিহ্রাস এবং সামাজিক নিরাপত্তা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়তা। • সোলার প্যানেল ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন। **যাদের জন্য এ কর্মসূচি** • প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ভূমিহীন ব্যক্তি। • যে পরিবারের প্রধান দিনমজুর। • বসতভিটা বাদে ৫০ শতাংশের কম জমির মালিক। • বয়সসীমা ১৮-৬০ বছর। • গড় মাসিক আয় ৪,০০০ টাকা বা এর কম। **কর্মসূচির সময়কাল** • কর্মসূচিটি ৫৫ দিনের মধ্যে দুই পর্যায়ে অক্টোবর-নভেম্বর এবং ফেব্রুয়ারি-মার্চ মাসে সম্পাদিত হয়। **কর্মসূচিতে প্রাপ্যতা** • প্রতিদিন ৭ ঘণ্টা কাজের বিনিময়ে ৮ কেজি চাল/গম বা সমমূল্যের টাকা অথবা • প্রতি কর্মদিবসে ২০০ টাকা মজুরি।	**কর্মসূচির উদ্দেশ্য** • গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি। • গ্রামীণ দরিদ্র জনগণের আয় বৃদ্ধি। • দেশের সর্বত্র খাদ্য সরবরাহে ভারসাম্য রক্ষা। • সোলার প্যানেল ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন। **যাদের জন্য এ কর্মসূচি** • যে পরিবারের প্রধান দিনমজুর। • বসতভিটা বাদে ৫০ শতাংশের কম জমির মালিক। • যাদের বয়স ১৮-৬০ বছরের মধ্যে। • গড় মাসিক আয় ৪,০০০ টাকা বা এর কম। **কর্মসূচিতে প্রাপ্যতা** • দৈনিক ৭ ঘণ্টা কাজ করে ৮ কেজি চাল/গম অথবা সমমূল্যের টাকা • মাটি কাটার ক্ষেত্রে মাপের ভিত্তিতে মজুরি প্রদান করা হয়।

অভিযোগ থাকলে যোগাযোগ করুন :

- উপজেলা নির্বাহী অফিসার
- জেলা প্রশাসক
- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য করণীয় :

এ সকল কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য কোন প্রকার অর্থ জমাদানের প্রয়োজন হয় না। লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর আওতাধীন যে কেউ ইজিপিপি, টিআর, কাবিখা/কাবিটা কর্মসূচিতে তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বারের নিকট সাদা কাগজে/ছাপানো ফরমে/মৌখিক আবেদন করতে পারবেন।

SNSP-DDM প্রকল্প
ডেল্টার টাওয়ার (৩য় তলা) প্লট-৩, মহাখালী বা/এ ঢাকা-১২১২
www.snsp.ddm.gov.bd

জিডি-৩০৯/১৭ (৫"x৮)